



প্রযুক্তি প্রতিদিন

projuktiprotidin@gmail.com

শ্রেণীকক্ষে মাল্টিমিডিয়ায় ব্যবহার নিশ্চিত করতে উদ্যোগ নিয়েছে সরকার

শ্রেণীকক্ষে মাল্টিমিডিয়ায় ব্যবহার নিশ্চিত এবং কার্যকর করার জন্য মাঠ পর্যায়ের কর্মকর্তাদের পর্যবেক্ষণ ও মেন্টরিং কার্যক্রম শুরু হয়েছে। গতকাল শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ প্রধানমন্ত্রীর কার্যালয়ের করবী হলে ডিডিও কনফারেন্সের মাধ্যমে এ কার্যক্রম উদ্বোধন করেন। এ সময় এটিআই পরিচালক কবির বিন আনোয়ার, অতিরিক্ত প্রাথমিক ও গণশিক্ষা সচিব এস এম আশরাফুল ইসলাম এবং মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতরের পরিচালক [পরিকল্পনা ও উন্নয়ন] অধ্যাপক সিরাজুল ইসলাম উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে জানানো হয়, মাল্টিমিডিয়া ক্লাসরুমের শ্রেণী কাজ পরিচালনার মনিটরিং ও মেন্টরিং কার্যক্রম পর্যালোচনার জন্য ফোকাস গ্রুপ ডিসকাশন [এফজিডি] করা হবে। এ পর্যায়ে সাতটি বিভাগের পিছিয়ে পড়া ৭টি জেলার সঙ্গে এফজিডি করা হবে। এর ফলাফলের ভিত্তিতে পরবর্তী সিদ্ধান্ত গ্রহণ করা

হবে। এ জন্য ইতিমধ্যে মাঠ পর্যায়ের প্রায় ৪৫০ জন কর্মকর্তাকে এটিআইর উদ্যোগে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। প্রথম এফজিডি কিশোরগঞ্জ জেলায় অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে। প্রধানমন্ত্রীর কার্যালয়ের আকসেস টু ইনফরমেশন [এটিআই] প্রোগ্রামের কারিগরি সহায়তায় শিক্ষা মন্ত্রণালয় ২০ হাজার ৫০০ মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসায় মাল্টিমিডিয়া ক্লাসরুম স্থাপন করে। মাল্টিমিডিয়ায় পাঠদানযোগ্য শ্রেণী পরিচালনা ও ডিজিটাল কন্টেন্ট তৈরিতে প্রায় ৩০ হাজার শিক্ষককে প্রশিক্ষণ দেওয়া হয়। বিদ্যুৎ সংযোগ রয়েছে এমন আরও তিন হাজার ৫০০ শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া ক্লাসরুম স্থাপনের উদ্যোগ নেওয়া হচ্ছে। পাশাপাশি দুই হাজার প্রাথমিক বিদ্যালয়ে মাল্টিমিডিয়া ক্লাসরুম প্রতিষ্ঠা করা হয়েছে এবং প্রায় ৫ হাজার শিক্ষককে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। আরও মাল্টিমিডিয়া ক্লাসরুম স্থাপনে কাজ চলেছে।

■ প্রযুক্তি প্রতিদিন ডেস্ক